

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩০.১৯.১৪০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬  
৩০ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৩৮৫৪/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে  
টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৩.০৫.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব রিয়াজ উদ্দীন শাহ, পিতা: আজগর আলী শাহ, টাইপিং ল্যাব এ্যাসিস্টেন্ট, গোয়ালধি টেকনিক্যাল এ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, পোস্ট: গোয়ালধি, থানা: খানশামা, জেলা: দিনাজপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৮৫৪/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব রিয়াজ উদ্দীন শাহ কর্তৃক এমপিও দাবী করে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; সচিব, কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ২ নং রেসপনডেন্ট; মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৫ (পাঁচ) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-৩৮৫৪/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ২৯.০৮.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩০-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩০.১৯.১৪০/১(৭)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬  
৩০ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির

জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।


৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৩০.৭.২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)